সমকাল

তারিখ ২৮ ... ২০১৮
পৃষ্ঠা ... কলাম ...

জমিয়াতুল মোদার্রেছীনের মহাসম্মেলন

# এবার দাবি মাদরাসা শিক্ষা জাতীয়করণের

নিজস্ব প্রতিবেদক ▷

এবার মাদরাসা শিক্ষাও জাতীয়করণের দাবি জানিয়েছেন শিক্ষকরা। জাতীয়করণসহ চার দফা দাবিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বরাবর স্মারকলিপি দিয়েছে বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীন। গতকাল শনিবার রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে সংগঠনের মহাসম্মেলনে উপস্থিত প্রধান অতিথি শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের হাতে স্মারকলিপি তুলে দেন সংগঠনের মহাসচিব অধ্যক্ষ মাওলানা শাব্বীর আহমদ মোমতাজী। শিক্ষামন্ত্রী স্মারকলিপিটি প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে পৌঁছানোর ঘোষণা দেন।

সংগঠনের অন্যান্য দাবির মধ্যে রয়েছে মাদরাসা শিক্ষক-কর্মচারীদের চাকরি জাতীয়করণ, চাকরির বয়সসীমা ৬৫ বছর করা, শিক্ষার্থীর সংকট দূর করার জন্য সংযুক্ত ও স্বতন্ত্র ইবতেদায়ি মাদরাসাগুলোকে প্রাথমিক বিদ্যালয়গুলোর মতো জাতীয়করণের আওতাভুক্ত করা, উপবৃত্তি প্রদান ও টিফিনের ব্যবস্থা করা এবং নতুন ইবতেদায়ি মাদরাসা স্থাপনের পথ খুলে দেওয়া।

শিক্ষামন্ত্রী বলেন, 'বর্তমান সরকারের সময়ই ইসলামি শিক্ষার সর্বোচ্চ উন্নয়ন ও আধুনিকায়ন হয়েছে। এ দেশে কোরআনবিরোধী কোনো আইন হবে না। প্রধানমন্ত্রী সব সময় মাদরাসা ও ইসলাম শিক্ষার প্রতি আন্তরিক, যার দৃষ্টান্ত আপনারা অতীতে পেয়েছেন, আগামীতেও পাবেন। আমি গোনাহগার বান্দা। কিন্তু ভাগ্যবান। কারণ দেশের আলেম সমাজের সঙ্গে চলাফেরা করি।'

শিক্ষকদের দাবির বিষয়ে মন্ত্রী বলেন, 'আপনাদের দাবি আমি কখনো ভুলিনি। ইতিমধ্যে ইসলামী বিশ্ববিদ্যালয়, মাদরাসা অধিদপ্তর স্থাপন ও তাদের বেতনসহ অন্য অনেক দাবি পূরণ করা হয়েছে। এখন চাকরি জাতীয়করণ ছাড়াও যে দাবিগুলো রয়েছে প্রধানমন্ত্রীর কাছে তুলে ধরব। আশা করি তিনি সংশ্লিষ্ট অন্য মন্ত্রণালয়গুলোর সঙ্গে কথা বলে বিবেচনা করবেন।'

মহাসম্মেলনের উদ্বোধন করে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেন, 'মাদরাসার সঙ্গে জঙ্গিবাদের সম্পর্ক নেই। বাংলাদেশে জঙ্গিবাদ নেই। কিন্তু একটি শ্রেণি ইসলামকে কালিমালেপন করতে জঙ্গিবাদের কথা ছড়াচ্ছে। যারা বুকে কোরআন ধারণ করে, মাথায় কোরআন রাখে, তারা জঙ্গি হতে পারে না। সারা পৃথিবীতে মুসলমানদের নিয়ে ষড়যন্ত্র হচ্ছে। আমি স্পষ্ট করে বলছি, মাদরাসায় ধর্মীয় শিক্ষার পাশাপাশি নৈতিক শিক্ষা দেওয়া হয়। যারা জঙ্গিপনা করছে তারা ইসলাম ধর্মের ওপর কালিমা লেপন করতেই এসব করছে।'

সংগঠনের সভাপতি ও দৈনিক ইনকিলাব সম্পাদক এ এম এম বাহাউদ্দীনের সভাপতিত্বে আরো বক্তব্য দেন প্রধানমন্ত্রীর বেসরকারি উন্নয়নবিষয়ক উপদেষ্টা সালমান এফ রহমান, ধর্ম মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি বজলুল হক হারুন এমপি, শিক্ষা মন্ত্রণালয়ের মাদরাসা ও কারিগরি বিভাগের সচিব মোহাম্মদ আলমগীর, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ড. মো. আজহারুল্লাহ, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর এ কে এম ছায়েফ উল্যাহ, সংগঠনের মহাসচিব অধ্যক্ষ মাওলানা শাব্বীর আহমদ মোমতাজী প্রমুখ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিস্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| | |

স্বাক্ষর